

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫০৮৮

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৯. দ্বিতীয় অনুচ্ছেদ - নম্রতা, লজ্জাশীলতা ও উত্তম স্বভাব

আরবী

وَعَن سهل

بن معاذ عَنْ أَبِيهِ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «مَنْ كَظَمَ غَيْظًا وَهُوَ يَقْدِرُ عَلَى أَنْ يُنفِّذَه دعاهُ اللَّهُ على رؤوسِ الْخَلَائِقِ يَوْمَ الْقِيَامَةِ حَتَّى يُخَيِّرَهُ فِي أَيِّ الْحُورِ شَاءَ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ التِّرْمِذِيُّ: هَذَا حَدِيث غَرِيب

বাংলা

৫০৮৮-[২১] সাহল ইবনু মু'আয (রাঃ) তাঁর পিতা হতে বর্ণনা করেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি তার নিজের রাগকে সংযত করে রাখে এমন অবস্থায় যে, সে নিজের রাগ দ্বারা নিজের মনোবৃত্তিকে চরিতার্থ করতে পারে, কিয়ামতের দিন আল্লাহ তা'আলা তাকে সৃষ্টিকুলের সম্মুখে ডাকবেন এবং যে হুরকে সে পছন্দ করে, তাকে সে হুরকেই বেছে নেয়ার জন্য অনুমতি দেয়া হবে। [তিরমিয়ী ও আবৃ দাউদ; আর ইমাম তিরমিয়ী (রহিমাহুল্লাহ) বলেনঃ এ হাদীসটি গরীব।][1]

ফুটনোট

[1] হাসান : আবূ দাউদ ৪৭৭৭, তিরমিয়ী ২০২১, ইবনু মাজাহ ৪১৮৬, আহমাদ ১৫৬৩৭, মুসনাদে আবূ ইয়া'লা ১৪৯৭, শু'আবুল ঈমান ৮৩০৩, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৭০৮।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (فِي أَيِّ الْحُورِ شَاء) অর্থাৎ সে যে হূরকে গ্রহণ করতে চায় তাকে সেটা গ্রহণ করার ক্ষমতা দেয়া হবে।
এটা মূলত জান্নাতে প্রবেশের প্রতি ইঙ্গিত করেছে। অর্থাৎ এ কাজটি করলে সে জান্নাতে প্রবেশ করবে এবং তার
মর্যাদাও অনেক উঁচু হবে।

'আল্লামা ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেনঃ মহান আল্লাহ এখানে নিয়ন্ত্রণ করার গুণকে প্রশংসা করেছেন। কেননা তা



নাক্ষে আম্মারা-কে মন্দের দিকে ধাবিত করে। এ কারণে আল্লাহ তাদের প্রশংসায় বলেন, وَالْكَاظِمِينَ الْفَيْطُ ''...এবং রাগ দমন করে ও মানুষকে ক্ষমা করে...''- (সূরাহ্ আ-লি 'ইমরা-ন ৩ : ১৩৪)। আর যার আত্মাকে সে স্বীয় প্রবৃত্তি থেকে নিবৃত করতে সক্ষম হলো জান্নাত হবে তার থাকার জায়গা। আর চক্ষু শীতলকারী হূর হবে তার পুরস্কার। (তুহফাতুল আহওযায়ী ৫ম খন্ড, হাঃ ২০২১)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ সাহল ইবনু মু'আয (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন